

PRINT

# সমকাল

## নান্দাইল দক্ষিণ-পূর্ব কচুরী সরকারি প্রাথমিক বিদ্যালয় স্কুল ভবন পরিত্যক্ত পাঠদান ব্যাহত

১০ ঘণ্টা আগে

নান্দাইল (ময়মনসিংহ) প্রতিনিধি



ভবন নির্মাণের ২৩ বছরের মধ্যেই সেটি পরিত্যক্ত ঘোষিত হওয়ায় বিদ্যালয়ের পাঠদান কার্যক্রম চলছে বাইরের একটি টিনের চালায়। নতুন একটি ভবন নির্মাণের দাবি জানিয়ে এলেও তা না হওয়ায় রোদ-বৃষ্টিতেই ক্লাস করছে খুদে শিক্ষার্থীরা। এ কারণে দক্ষিণ-পূর্ব কচুরী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের উপস্থিতি দিন দিন কমে যাচ্ছে। বিদ্যালয়টি ময়মনসিংহের নান্দাইল উপজেলার আলাবক্সপুর গ্রামে অবস্থিত।

ওই সরকারি প্রাথমিক বিদ্যালয়টি সিংরইল ইউনিয়নের আলাবক্সপুর গ্রামে ২৮২নং দাগে ৫১ শতক জমির ওপর ১৯৩৫

সালে প্রতিষ্ঠিত। ২২৮ শিক্ষার্থীর জন্য রয়েছে পাঁচজন শিক্ষক। ১৯৯৪ সালে তিনটি ক্লাসরুম ও একটি অফিস কক্ষ-সংবলিত একটি একতলা পাকা ভবন নির্মিত হয়। কিন্তু নিম্নমানের কাজের কারণে শুরু থেকেই ভবনটি ছিল ব্যবহার অযোগ্য। বিকল্প ব্যবস্থা না থাকায় ওই ভবনেই পাঠদান কার্যক্রম চালিয়ে যেতে থাকে কর্তৃপক্ষ। এক সময় ছাদের পলেস্তারা খসে আহত হয় দুই শিক্ষার্থী। নান্দাইল উপজেলা প্রকৌশল অফিস কর্তৃক ২০১৭ সালে ভবনটি ঝুঁকিপূর্ণ ঘোষিত হয়। এর পর থেকেই খোলা আকাশের নিচে চলে পাঠদান কার্যক্রম। সম্প্রতি উপজেলা পরিষদ এডিবির তহবিল থেকে দেড় লাখ টাকা ব্যয়ে বিদ্যালয়ের মাঠে একটি টিনের চালাঘর নির্মাণ করে দেয়। তিন মাস ধরে বেড়াবিহীন ওই টিনের চালায় চলছে পাঠদান।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক হালিমা আক্তার জানান, ভবনের অভাবে ঝুঁকিপূর্ণ ভবনের একটি কক্ষ এখনও শিক্ষকদের অফিস কক্ষ হিসেবে ব্যবহার করতে বাধ্য হচ্ছেন। তিনি বলেন, প্রথমে ঝুঁকিপূর্ণ ভবনে শিক্ষার্থী আসতে ভয় পেত। এখন চালায় ক্লাস হয় বলে অনেকে আসতে চায় না।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ আলী সিদ্দিক বলেন, ভবন সংকটের কারণে আমরা ওই বিদ্যালয়ে টিনের একটি চালাঘর তৈরি করে দিয়েছি। সহসা ওই বিদ্যালয়ে একটি নতুন ভবন তৈরির জন্য কাজ করছি।

নান্দাইল উপজেলা স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তরের প্রকৌশলী আবুল খায়ের মিয়া বলেন, ওই বিদ্যালয়ে একটি নতুন ভবন নির্মাণের টেন্ডার আহ্বান করা হয়েছে। এখন মূল্যায়নের কাজ চলছে।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com